উপজেলা পরিষদ কার্যালয়
সরিষাবাড়ী, জামালপুর।
www.sarishabari.jamalpur.gov.bd

উপজেলা পরিষদ সরিষাবাড়ী, জামালপুর এর ফেব্রুয়ারি /২০২৪ খ্রি: মাসের উপজেলা পরিষদের মাসিক সভার কার্যবিবরণীঃ-

সভাপতি ঃ বীর মুক্তিযোদ্ধা জনাব মোঃ গিয়াস উদ্দিন পাঠান
চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সরিষাবাড়ী।
স্থান ঃ উপজেলা পরিষদ হলরুম।

তারিখ ঃ ১২ -০২- ২০২৪ খ্রি:,
সময় ঃ বেলা ১১.৩০ ঘটিকা।

উপস্থিতি ঃ পরিশিষ্ট 'ক'।

শুরুতে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে উপজেলা পরিষদের সভার কাজ শুরু করেন। অত:পর সভাপতি উপজেলা নির্বাহী অফিসারকে স্বাগত জানিয়ে আলোচ্যসূচি অনুযায়ী সভা পরিচালনা করার জন্য অনুরোধ জানান। উপজেলা নির্বাহী অফিসার সবাইকে শুভেচ্ছা জানিয়ে বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনালে বিনা সংশোধনীতে অনুমোদিত হয়। অত:পর নিম্নলিখিত বিষয় নিয়ে আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্র: নং | বিভাগের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ০১ | উপজেলা কৃষি বিভাগ। | চলতি রবি মৌসুমে সরিষাবাড়ী উপজেলায় বোরো আবাদ কার্যক্রম চলমান রয়েছে। বোরো আবাদের লক্ষ্যমাত্রা ১৮৬৮০ হেঃ এর বিপরীতে অর্জন ১৮৬৯০ হেক্টর। অন্যান্য রবি ফসলের মধ্যে সরিষা কর্তন সম্পন্ন হয়েছে। এ বছর সরিষার গড় উৎপাদন ১.৩৯টন/হেক্টর। ভূট্টা এবং গম ফসলের পরিস্থিতি সন্তোষজনক। উপজেলার চরাঞ্চল এবং অনাবাদী পতিত জমি সমূহ আবাদের আওতায় আনার লক্ষ্যে বিভিন্ন কার্যক্রম চলমান রয়েছে। বিভাগীয় অন্যান্য কার্যক্রম সুষ্ঠ ভাবে চলমান রয়েছে। | মাঠে সার্বক্ষণিক কৃষকদের সাথে যোগাযোগ রাখতে হবে। কৃষি প্রণোদনা কর্মসূচির আওতায় ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের মাঝে সঠিক ভাবে বিতরণ করতে হবে। | উপজেলা কৃষি অফিসার, সরিষাবাড়ী। |
| ০২ | উপজেলা স্বাস্থ্য বিভাগ। | ক. উপজেলা স্বাস্থ্য কর্মকর্তা বলেন, স্বাস্থ্য কমপ্লেক্সের স্বাভাবিক কার্যক্রম অব্যহত আছে। সরিষাবাড়ী উপজেলা, জামালপুর-১৪১ আসনের মাননীয় সংসদ সদস্য জনাব আলহাজ্ব মোঃ আব্দুর রশীদ স্যার গত ২২/০২/২০২৪ ইং তারিখ উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে পরিদর্শন করেন। উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের বিবিধ সেবা কার্যক্রম পরিদর্শন করে মাননীয় সংসদ সদস্য সন্তোষ প্রকাশ করেন।বেসরকারী হাসপাতাল/ ক্লিনিক ও ডায়াগনষ্টিক সেন্টার পরিচালনার ক্ষেত্রে সরকারী নির্দেশনা মোতাবেক স্বাস্থ্য অধিদপ্তরের নির্ধারিত শর্ত অনুযায়ী সকল বেসরকারী স্বাস্থ্য প্রতিষ্ঠানের লাইসেন্স উক্ত প্রতিষ্ঠানের মূল প্রবেশ মুখে দৃশ্যমান স্থানে অবশ্যই স্থায়ী ভাবে প্রদর্শন করতে হবে। বিএমডিসি স্বীকৃত বিশেষজ্ঞ অচেতনবিদ ছাড়া কোন প্রতিষ্ঠানে অপারেশন, সার্জারী কিংবা Interventional procedure করা যাবে না। এছাড়াও অন্যান্য শর্তবলী সমূহ সরিষাবাড়ী উপজেলা বেসরকারী ক্লিনিক ও ডায়াগনষ্টিক সেন্টার মালিক সমিতির মাধ্যমে সকল বেসরকারী স্বাস্থ্য প্রতিষ্ঠান-কে অবগত করা হয়েছে। উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের পরিবেশ ও স্বাস্থ্য সেবা কার্যক্রম নির্বিঘ্ন করার স্বার্থে উপজেলার বেসরকারী ক্লিনিক ও ডায়াগনষ্টিক সেন্টার মালিক সমিতির প্রতিনিধিদের সাথে আলোচনা হয়েছে। | ক. সরিষাবাড়ী উপজেলা, জামালপুর-৪ আসনের নবনির্বচিত মাননীয় সংসদ সদস্য মহোদয় ইতিমধ্যে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স পরিদর্শন করেছেন। স্বাস্থ্য ব্যবস্থাপনা কমিটির নিয়মিত সভা আয়োজনের জন্য মাননীয় সংসদ সদস্য নির্দেশনা দিয়েছেন।<br>খ. দেশব্যাপী করোনা সংক্রমন বৃদ্ধির প্রেক্ষিতে কোভিড-১৯ টিকাদান কার্যক্রম প্রারম্ভিক (১ম ডোজ) এবং পরবর্তী ডোজ (২য়,৩য়,৪র্থ বা পরর্বতী ডোজ ) প্রদানের সিদ্ধান্ত গ্রহন করা হয়েছে। | ক.উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, সরিষাবাড়ী। |

| ক্র: নং | বিভাগের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| | | খ. দেশব্যাপী করোনা সংক্রামন বৃদ্ধির প্রেক্ষিতে কোভিড-১৯ টিকাদান কার্যক্রম প্রারম্ভিক (১ম ডোজ) এবং পরবর্তী ডোজ (২য়,৩য়,৪র্থ বা পরবর্তী ডোজ ) প্রদানের সিদ্ধান্ত গ্রহন করা হয়েছে । এ লক্ষ্যে উদ্দিষ্ট জনগোষ্ঠির মাঝে কোভিড-১৯ টিকাদানের উদ্দেশ্যে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে টিকাদান কেন্দ্র চালু করা হয়েছে । | | |
| ০৩ | উপজেলা প্রাণি সম্পদ বিভাগ। | উপজেলা প্রাণিসম্পদ অফিসার সভায় বলেন, গবাদি প্রাণি টিকা প্রদান- ১২৬০ মাত্রা, হাঁস-মুরগী- ৩০,৫০০ মাত্রা। চিকিৎসা গবাদিপ্রাণি ২৪৮৭ টি, হাঁস-মুরগী- ২৫০৫৮ টি । প্রশিক্ষণ- ৪০০ জন, কৃত্রিম প্রজনন- ৫৫৫ টি বাচ্চা উৎপাদন ২৬১ টি, রাজস্ব আদায়- টিকা ১৩,০৯০/- কৃত্রিম প্রজনন- ৪১,৬২৫/- বিবিধ রাজস্ব প্রাপ্তি খামার রেজিষ্ট্রেশন- ০০/- ফি ভেটেরিনারি মেডিকেল ক্যাম্প ১টি ।<br>অত্র দপ্তরে মাটি ভরাট প্রক্কলন সদয় অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করা হলো এবং সভার সম্মনীত সভাপতিসহ সকল সদস্যের সুবিবেচনার জন্য আহবান করা হলে । | ক. গবাদি পশু ও হাঁস মুরগীর মড়ক প্রতিরোধে সব ধরণের আগাম প্রস্তুতি নিতে হবে । | ক. উপজেলা প্রাণি সম্পদ অফিসার, সরিষাবাড়ী। |
| ০৪. | সিনিয়র উপজেলা মৎস্য বিভাগ। | ক.০১ নভেম্বর হতে ৩০ জুন পর্যন্ত জাটকা মৌসুম । এ সময়ে জাটকা আহরণ, ক্রয়-বিক্রয়, মজুদ ও বিনিময় দন্ডনীয় অপরাধ । ১০ ইঞ্চি (২৫ সেন্টিমিটার) দৈঘ্যের চেয়ে ছোট ইলিশ জাটকা নামে পরিচিত। জাটকা মৌসুমের কারনে বিভিন্ন হাট –বাজার পরিদর্শন এবং লিফলেট বিতরণ। আরামনগর বাজারে ০১ টি অভিযান পরিচালনা করা হয়। অত্র উপজেলার ০৩ জন মৎস্য চাষির পুকুরের পানি পরীক্ষা করা হয় । অত্র উপজেলার পৌরসভা/বিভিন্ন ইউনিয়ন হতে অত্র দপ্তরে অফিসে আগত ও সরাসরি পুকুর পরিদর্শন পূবর্ক ২৫ জন মৎস্য চাষিদের মাছ চাষ বিষয়ে পরামর্শ প্রদান। দপ্তরের অন্যান্য বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ক. জাটকা মৌসুমের কারনে বিভিন্ন হাট বাজার পরিদর্শন এবং লিফলেট বিতরণ করা হয়েছে । ইলিশের প্রধান প্রজনন মৌসুম উপলক্ষে আরামনগর বাজারে ০১ টি মোবাইল কোর্ট পরিচালনা করা হয় । মৎস্য চাষিদের উন্নয়নে মাঠ পর্যায়ে কার্যক্রম আরও বাড়াতে হবে । | সিনিয়র উপজেলা মৎস্য অফিসার, সরিষাবাড়ী। |
| ০৫ | উপজেলা প্রকৌশলী বিভাগ। | ক. উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, সরিষাবাড়ী উপজেলাধীন বিগত ০৮/০৯/২০২৩ খ্রিঃ তারিখ মাসিক সভার রেজুলেশনে উন্নয়ন তহবিল থেকে গৃহীত উপজেলা সমাজসেবা অফিস ভবন উচু করণ এবং সংস্কার কাজের প্রকল্পটি টেন্ডার করণ হিসেবে গৃহীত হয় কিন্তু পরবর্তীতে উক্ত প্রকল্পটি টেন্ডার এর পরিবর্তে তিনটি পি,আই,সি, এর মাধ্যমে বাস্তবায়নের জন্য সিদ্ধান্ত গৃহীত হয় ।<br>১। উপজেলা সমাজসেবা অফিস ভবন সংস্কার ও উচু করণ । (১ম অংশ) ২,০০,০০০.০০ টাকা ।<br>২। । উপজেলা সমাজসেবা অফিস ভবন সংস্কার ও উচু করণ । (২য় অংশ) ২,০০,০০০.০০ টাকা ।<br>৩। উপজেলা সমাজসেবা অফিস ভবন সংস্কার ও উচু করণ । (৩য় অংশ) ২,০০,০০০.০০ টাকা ।<br>দপ্তরের অন্যান্য বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ক. উপজেলা প্রকৌশলী সভায় সমাজসেবা দপ্তরের প্রকল্প তিনটি পি,আই,সি, এর মাধ্যমে বাস্তবায়নের জন্য সিদ্ধান্ত গৃহীত হয় । | ক. উপজেলা প্রকৌশলী এলজিইডি, সরিষাবাড়ী। |
| ০৬ | উপজেলা প্রাথমিক শিক্ষা বিভাগ । | ক. উপজেলার সকল সরকারি/বেসরকারি/কিন্ডারগার্টেন/এনজিও প্রাথমিক বিদ্যালয়ে বকেয়া বই বিতরণ করা হয়। জাতীয় প্রাথমিক শিক্ষা পদক প্রতিযোগিতা-২০২৪বিদ্যালয় পর্যায়ে সমাপ্ত হওয়ার পর ইউনিয়ন পর্যায়ে যথাযথভাবে পরিচালনা করা হয়। ১৪ ফেব্রুয়ারি,২০২৪ উপজেলা পর্যায়ের প্রতিযোগিতা | ক. জাতীয় প্রাথমিক শিক্ষা পদক প্রতিযোগিতা-২০২৪ বিদ্যালয় পর্যায়ে সমাপ্ত হওয়ার পর ইউনিয়ন পর্যায়ে যথাযথভাবে পরিচালনা করা | ক. উপজেলা শিক্ষা অফিসার, সরিষাবাড়ী। |

| ক্র: নং | বিভাগের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| | | অনুষ্ঠিত হয়। ইউনিয়ন পর্যায়ে সকল ইভেন্টে প্রথম স্থান অধিকারকারী উপজেলা পর্যায়ে অংশগ্রহণ করে। এছাড়া মহান শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস যথাযথযোগ্য মর্যাদায় সকল প্রাথমিক বিদ্যালয়ে উদযাপন করা হয়। শিক্ষকগণ উপস্থিতি বৃদ্ধির জন্য নিয়মিত হোম ভিজিট করবেন এবং মা সমাবেশ করার জন্য নির্দেশনা প্রদান করা হয়েছে।<br>খ. উপজেলা পরিষদ ভাইস চেয়ারম্যান বলেন, ডোয়াইল সরকারি প্রাঃ বিদ্যালয় এর একটি ভবন জরাজির্ন পরিত্যাক্ত অবস্থায় আছে তা নিলামের মাধ্যমে বিক্রির করার জন্য সভায় বলেন । | হয়। ১৪ ফেব্রুয়ারি, ২০২৪ উপজেলা পর্যায়ের প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়।<br>খ উপজেলা প্রকৌশলী পরিদর্শন পূর্বক বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহন করবেন। | |
| ০৭ | উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ। | ক. ২০২৪ সালেরএস.এস.সি ও সমমান পরীক্ষা আগামী ১৫/০২/২০২৪খ্রি. তারিখ হতে অনুষ্ঠিত হবে। এস.এস.সি কেন্দ্র ০৮টি, দাখিল কেন্দ্র ০২ টি এবং ভোক কেন্দ্র ০১টি সর্বমোট ১১টি মূল কেন্দ্র । ভেন্যু ০৩টি।<br>এস.এস.সি,পরীক্ষার্থী সংখ্যা ৩,৮৪৭ জন,দাখিল পরীক্ষার্থী সংখ্যা ঃ ৫০১ জন, ভকেশনাল. পরীক্ষার্থী ঃ ৪৫৮ জন, সর্বমোটঃ ৪৮০৬ জন পরীক্ষার্থী এছাড়া দাপ্তরিকঅন্যান্য কার্যক্রম যথারীতিচলছে । | ক. আগামী ১৫ ফেব্রুয়ারী ২০২৪ খ্রী. সালের এস.এস. সি.ও সমমনা পর্যায়ের পরীক্ষা অনুষ্ঠিত হবে । | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সরিষাবাড়ী। |
| ০৮ | উপজেলা সমাজসেবা অফিস। | ক.উপজেলা সমাজসেবা অফিসার সভায় জানান যে, উপজেলা সমাজসেবা কার্যালয় কর্তৃক বাস্তবায়িত বয়স্ক, বিধবাও স্বামীনিগৃহীতা মহিলা এবং প্রতিবন্ধীভাতার অক্টোবর -২০২৩খ্রি. থেকে ডিসেম্বর -২০২৩খ্রি. পর্যন্ত ০৩ মাসের পেরোল ইতোমধ্যে প্রেরণ করা হয়েছে । আশা করা যাচ্ছে আগামী দু একদিনের মধ্যে যেকোন সময় ভাতা ভোগীর স্বস্ব নগদ ওয়ালেটে ভাতার টাকা যুক্ত হবে। এছাড়া প্রতিবন্ধী ভাতার ২০২৩-২৪ অর্থ বছরের অতিরিক্ত বরাদ্দ পাওয়া গেছে । সংশ্লিষ্ট উপজেলা ও পৌরসভা কমিটির সভায় বাস্তবায়ন সংক্রান্ত সিদ্ধান্ত নিয়ে দ্রুত কাজ শুরু করা হবে। বয়স্ক ও বিধবা ও স্বামীনিগৃহীতা ভাতার অতিরিক্ত বরাদ্দ পাওয়া যায়নি । প্রতি মঙ্গলবার সকাল ১০:০০ ঘটিকা থেকে দুপুর ১২:০০ ঘটিকা পর্যন্ত প্রতিবন্ধী সনাক্ত করণ জরিপ কাজ অনুষ্ঠিত হয়। পল্লী সমাজ সেবা কার্যক্রম (আর,এস,এস) পল্লী মাতৃকেন্দ্র কার্যক্রম (আরএমসি) এসিড দগ্ধ প্রতিবন্ধী পুন বাসন কার্যক্রম চলমান আছে । ক্যান্সার ,কিডনি, জন্মগতহৃদরোগ, স্ট্রোকেপ্যারালাইড, থ্যালাসেমিয়া ও লিভার সিরোসিসে আক্রান্ত রোগীদের এককালীন অনুদান প্রাপ্তির জন্য আবেদনের হার্ডকপি প্রয়োজনীয় কাগজ সংযুক্ত করে আবেদন উপজেলা সমাজ সেবা কার্যালয়ে জমা দেওয়ার জন্য সংশ্লিষ্টদের জমা প্রদান করতে হবে। এছাড়া ও অফিসের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান আছে। | ক. উপকারভোগীদের লাইভ ভেরিফিকেশন সমাজ সেবা কার্যালয় কর্তৃক বাস্তবায়িত হচ্ছে। বয়স্ক, বিধবা ও স্বামীনিগৃহীতা মহিলা এবং প্রতিবন্ধী ভাতার অক্টোবর -২০২৩ খ্রি. থেকে ডিসেম্বর-২০২৩ খ্রি. পর্যন্ত ০৩ মাসের পেরোল ইতোমধ্যে প্রেরণ করা হয়েছে । ক্যান্সার ,কিডনি, জন্মগত হৃদরোগ, স্ট্রোকে প্যারালাইসড, থ্যালাসেমিয়া ও লিভার সিরোসিসে আক্রান্ত রোগীদের এককালীন অনুদান প্রাপ্তির আবেদন উপজেলা সমাজ সেবা কার্যালয়ে জমা দেওয়ার জন্য সিদ্ধান্ত গৃহীত হয় । | ক.উপজেলা সমাজসেবা অফিসার, সরিষাবাড়ী। |
| ০৯. | উপজেলা সমবায় অফিস। | ক. উপজেলা সমবায় অফিসার সভায় জানান, সমবায় সমিতি সমূহের অডিট সম্পাদন চলতি মাসে ২০, মোট সম্পাদন ১৫৫ সমবায় সমিতি সমূহের পরিদর্শন চলতি মাসে-০৫ টি, মোট সম্পাদন ৪০ টি, রাজস্ব আদায়(ননটেক্স রেভিনিউ) চলতি মাসে ৬০০০ মোট সম্পাদন ২৮,৬৫০/- -,সমবায় উন্নয়ন তহবিল আদায় ৯৮৭/- মোট সম্পাদন ৫,৬৮৭/-, সমবায় সমিতি সমূহের বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠান ১২ টি, মোট সম্পাদন ৩৫ টি, সমবায় সমিতি সমূহের নির্বাচন অনুষ্ঠান চলতি মাসে- ০৩ | ক. সমবায়ীদের বিভিন্ন ট্রেডে প্রশিক্ষন প্রদান করে, সক্ষমতা অর্জনের জন্য গুরুত্ব প্রদান করা হয় । এবং মাঠে ঋণ আদায়ে তৎপরতা বৃদ্ধি করতে হবে। | উপজেলা সমবায় অফিসার, সরিষাবাড়ী । |

| ক্র: নং | বিভাগের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| | | টি, মোট সম্পাদন ৪১ টি, আই জি এ প্রশিক্ষণ প্রদান চলতিমাসে ০ মোট সম্পাদন ৮০, সমবায় সমিতি নিবন্ধন প্রদান চলতি মাসে ০ টি মোট ২ টি. দুগ্ধ প্রকল্পের ঋণ আদায় ৬০,০০০/- মোট সম্পাদন ১২,৬৫,০০০/- আশ্রয়ন প্রকল্পের ঋণ আদায় চলতি মাসে- ৩০০/-, মোট সম্পাদন ১৬,২২৫/- ,সমবায়ীদের অবহিত করণ সভা চলতিমাসে ০টি মোট কর্ম সম্পাদন ১৪টি, স্ব-কর্মসংস্থান সৃষ্টি চলতি মাসে কর্ম সম্পাদন১০টি মোট কর্ম সম্পাদন ৬০টি। অফিসের অন্যান্য কাজ স্বাভাবিকভাবে চলছে। | | |
| ১০ | উপজেলা যুব উন্নয়ন অফিস। | ক. উপজেলা যুব উন্নয়ন অফিসার সভায় জানান যে, ২০২৩-২০২৪ চলতি অর্থ বছরে আত্মকর্মসংস্থান কর্মসূচীর রাজস্ব খাতে অপ্রাতিষ্ঠানিক প্রশিক্ষণের লক্ষ্যমাত্রা ১৪ টি ব্যাচে ৩০ জন করে ৪২০ জন। জানুয়ারি ২০২৪ মাস পর্যন্ত ৪ টি ব্যাচের প্রশিক্ষণ হয়েছে। ২০২৩-২০২৪ অর্থ বছরে পরিবারভিত্তিক কর্মসংস্থান কর্মসূচীর আওতায় লক্ষ্যমাত্রা ১টি কেন্দ্র। পরিবারভিত্তিক ও আত্মকর্মসংস্থান কর্মসূচীর ঋণ বিতরণের লক্ষ্যমাত্রা ৩৭,০০,০০০/= (সাইত্রিশ লক্ষ) টাকা। জানুয়ারি ২০২৪ মাস পর্যন্ত আত্মকর্মসংস্থান কর্মসূচীর ২৪ জনকে ১১,২০,০০০/- এবং পরিবারভিত্তিককর্মসূচীর ৪০ জনকে ৪,৮০,০০০/- টাকা সর্বমোট ৬৪ জনকে ১৬,০০,০০০/- ঋণ বিতরন করা হয়েছে। অফিসের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ক. সকল প্রকার প্রশিক্ষণ যাতে সুষ্ঠুভাবে সম্পন্ন করা হয় সে বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা নিতে হবে এবং যুব/যুব মহিলাদের মাঝে সঠিক তদারকির মাধ্যমে ঋণ বিতরণ ব্যবস্থা নিতে হবে। | উপজেলা যুব উন্নয়ন অফিসার, সরিষাবাড়ী। |
| ১১ | উপজেলা পরিবার পরিকল্পনা অফিস। | ক. উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার সভায় বলেন, /২০২৩ ইং মাসের নিম্নোক্ত সেবা প্রদান করা হয় । মোট জনসংখ্যা ঃ ৩,৫৫,৭২০,মোট সক্ষম দম্পতি ৬৬৪৯০ জন,পুরুষ বন্ধ্যাকরণ -০০ জন, মহিলা বন্ধ্যাকরণ-০৮ জন, আই. ইউ. ডি ২০ জন , ইমপ্লান্ট-৪১ জন, ইনজেকশন ০০ ভয়েল, খাবার বড়ি (সুখী) ১৭৬৭৯ চক্র. খাবার বড়ি (আপন) ৩৯৪ চক্র, কনডম- ৫৩৫ পিছ । অফিসের অন্যান্য কাজ স্বাভাবিকভাবে চলছে। | ক. পরিবার পরিকল্পনার কার্যক্রমে সফলতা অর্জনে জোরালোভাবে কাজ করতে হবে এবং সফলতা কার্যক্রম ধরে রাখতে হবে। | ক. উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার, সরিষাবাড়ী। |
| ১২ | উপজেলা মহিলা বিষয়ক অফিস। | ক. মা ও শিশু সহায়তা কর্মসূচীর সুবিধাভোগীদের ফেব্রুয়ারী/২০২৪ ইং পর্যন্ত ভাটারা ইউনিয়ন ব্যতিত সুবিধাভোগীদের নামের তালিকা অনুমোদন করা হয়েছে। ফেব্রুয়ারী/২০২৪ ইং মাসের ০৮ ইউনিয়নের ভিডব্লিউবি চাউল বরাদ্দ আদেশ (ডিও) প্রদান করা হয়েছে কিন্তু গোডাউনে প্যাকেটজাত চাউল না থাকায় গোডাউন কর্তৃপক্ষ মাল দিতে অনিচ্ছুক বিধায় চেয়ারম্যানগণ মাল উত্তোলন ও বিতরণ করতে পারছেন বলে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ থেকে জানা যায়। কিশোর-কিশোরী ক্লাবের কার্যক্রম নিয়মিতভাবে পরিচালিত হচ্ছে। পূর্বের ন্যায় কিশোর-কিশোরীদের নাস্তা প্রদান করা হচ্ছে। ৮ই মার্চ আন্তর্জাতিক নারী দিবস-২০২৪ সারাদেশের ন্যায় সরিষাবাড়ী উপজেলা প্রশাসনের সিদ্ধান্ত মোতাবেক উদযাপন করা হবে।<br>এছাড়া অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালিত হচ্ছে। | ক. মা ও শিশু সহায়তা সুবিধাভোগীদের নামের তালিকার অনুমোদন করা হয়েছে। ফেব্রুয়ারী/২০২৪ ইং মাসের ০৮ ইউনিয়নের ভিডব্লিউবি চাউল বরাদ্দ আদেশ (ডিও) প্রদান করা হয়েছে । | ক. উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, সরিষাবাড়ী। |

| ক্র: নং | বিভাগের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ১৩ | উপজেলা পল্লী উন্নয়ন অফিস (বি.আর.ডিবি) | ক.বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি) কর্তৃক বাস্তবায়িত সরিষাবাড়ী উপজেলার ০৭ টি প্রকল্প/কর্মসূচির কাজ চলমান রয়েছে। ১. মূল কর্মসূচি (আবর্তক) ২. সমন্বিত দারিদ্র্য বিমোচন কর্মসূচী (সদাবিক) ৩. পল্লী প্রগতি কর্মসূচী ৪. মহিলা উন্নয়ন কর্মসূচী ৫. দারিদ্র্য বিমোচনের লক্ষ্যে পুষ্টি সমৃদ্ধ উচ্চ মূল্যের অপ্রধান শস্য উৎপাদন, প্রক্রিয়াকরন ও বাজারজাতকরন শীর্ষক প্রকল্প ৬. বীর মুক্তিযোদ্ধা ও তাদের পোষ্যদের আত্নকর্মসংস্থান ও প্রশিক্ষন প্রকল্প ৭. সরকারের বিশেষ প্রণোদনা এস এম ই ঋণ " প্রতিটি প্রকল্প/কর্মসূচীর কাজ ঋণ বিতরন, ঋণ আদায়, সঞ্চয় ও শেয়ার আদায় চলমান রয়েছে। ২০২৩-২৪ অর্থ বছরে ৭টি প্রকল্পের ঋণ বিতরনের মোট লক্ষ্যমাত্রা ১৬৪.৬৮ লক্ষ টাকা নির্ধারন করা হয়েছে। মাঠ পর্যায়ে ১১৩.৭৮ লক্ষ টাকা খেলাপী রয়েছে। মাঠ পর্যায়ের খেলাপী টাকা আদায়ের জন্য সমিতি পর্যায়ে সদস্যদের নোটিশ প্রদান করা হয়েছে। ২০২৩-২৪ অর্থ বছরে বার্ষিক কর্ম সম্পাদনে চুক্তির আলোকে মাঠ পর্যায়ের কাজ চলমান রয়েছে। আন্তঃবিভাগীয় তেমন কোন সমস্যা নেই। | ক. মাঠে খেলাপী ঋণ আদায়ে জোরালো ভূমিকা রাখতে হবে। | ক. উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, সরিষাবাড়ী। |
| ১৪ | উপজেলা পল্লী দারিদ্র্য বিমোচন অফিস। | ক. . উপজেলা পল্লী দারিদ্র্য বিমোচন কর্মকর্তা সভায় বলেন ক্ষুদ্রঋণ কার্যক্রম ঃ- সমিতির সংখ্যা ১০৮ টা, মোট সদস্য সংখ্যা- ৫৮৮২ জন,চলতি মাসে নতুন সদস্য ভর্তি- ৩০০ জন, ঋন বিতরণ ৬৯.০০(লক্ষ টাকা) চলতি মাসে ঋন আদায় ৭১.০০/-চলতি মাসে সঞ্চয় আদায় = ৩.৫০(লক্ষ টাকা) চলতি সঞ্চয় ফেরৎ ২.২০(লক্ষ টাকা) চলতি মাসে খেলাপী ১০৬.২০(লক্ষ টাকা) , সদ্যমাঠে পাওনার ঋনের পরিমান ৪৬৪.৫০/-(লক্ষ) টাকা। ঋন আদায়ের হার ৯৮% ।<br>নারী উদোক্তা ঋণবিতরণ ঃ মোট সদস্যসংখ্যা ২৩৬ জন চলতি মাসে ঋণবিতরণ করা হয়েছে ২১.০০(লক্ষ টাকা)। চলতি মাসে ঋন আদায় ২২.০০(লক্ষ টাকা) চলতি মাসে ঋন আদায়ের হার ১০০%খেলাপী ঋনের পরিমান ১৫.০০(লক্ষ) টাকা, খেলাপী থেকে আদায় ০.২৫(লক্ষ) মাঠে পাওনা টাকার পরিমান ১৭২.৬০ (লক্ষ) টাকা।<br>উদ্যোক্তা ঋণ কার্যক্রমঃ- মোট সদস্য ১৬৪ জন, চলতি মাসে নতুন উদ্যোগ ৮ জন, চলতি মাসে ঋণ বিতরণ ২২.০০(লক্ষ টাকা),চলতি মাসে ঋন আদায় হয়েছে ২৫.০০(লক্ষ টাকা), চলতি মাসে ঋন আদায়ের হার ৯৮%, মোট খেলাপী ঋণের পরিমান ২৯.৪০ (লক্ষ টাকা), খেলাপী থেকে আদায় ০.৩০ (লক্ষ টাকা), মাঠে পাওনা ঋণের পরিমান ১৪৬.৬০ (লক্ষ টাকা), তাছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | ক. সকল ঋণ আদায় কার্যক্রম চালু রাখতে হবে এবং খেলাপী ঋণ আদায়ে জোরালো ভূমিকা পালন করতে হবে। | ক. উপজেলা পল্লী দারিদ্র্য বিমোচন অফিসার, সরিষাবাড়ী। |
| ১৫ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিস। | ক. উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার সভায় জানান যে, ২০২৩-২০২৪ অর্থ বছরে ইজিপিপি.১ম পর্যায়ের কাজ সম্পন্ন হয়েছে । ২০২৩-২০২৪ অর্থ বছরের টিআর, কাবিখা, কাবিটা প্রকল্পের কাজ উপজেলা নির্বাহী অফিসার পরিদর্শন করেছেন । সকল ইউপি চেয়ারম্যান গণকে সকল প্রকল্পের কাজ সুন্দরভাবে সম্পন্ন করার জন্য অনুরোধ করা হলো । ইজিপিপি ২য় পর্যায়ের কাজের শুরুর জন্য প্রথমিক পর্যায়ে পকল্প নির্বাচন করার জন্য সকল ইউপি চেয়াম্যান গনেকে অনুরোধ করা হলো । উক্ত দপ্তরের HBB- প্রকল্প এবং ব্রীজের কাজ চলমান রয়েছে । এছাড়া মুক্তিযোদ্ধা মন্ত্রনালয় হতে বরাদ্দ প্রাপ্ত বীর নিবাসের কাজ চলমান রয়েছে । | ক. সকল প্রকল্পের কাজ সঠিক তদারকির মাধ্যমে বাস্তবায়ন করতে হবে। এবং নির্দিষ্ট সময় এর ভিতরে প্রকল্প শেষ করতে হবে । | ক.উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, সরিষাবাড়ী। |

SA

| ক্র: নং | বিভাগের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ১৬ | জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্ত র। | ক মানব সম্পদ উন্নয়নে গ্রামীণ পানি সরবরাহ, স্যানিটেশন এবং স্বাস্থ্যবিধি প্রকল্প এর আওতায় ০৪ টি,পাবলিক টয়লেট, ০৯ টি হ্যান্ডওয়াশিং বেসিন ইউনিট,৩২ টি (৩০-৪০ পরিবার) কমিউনিটি ভিত্তিক পাইপ লাইনের মাধ্যমে পানি সরবরাহে স্মল স্কীমের গভীর নলকূপ স্থাপন কাজ চলমান আছে। সমগ্রদেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্পের আওতায় সাবমার্সিবল পাম্পযুক্ত কমিউনিটি ভিত্তিক ৩৯ টি,গভীর নলকূপ (প্রতি ১০ পরিবারের জন্য ০১ টি) এর সাইট নির্বাচনের কাজ চলমান আছে। GPS/NNGPS/PEDP-4 প্রকল্পের আওতায় বিভিন সরকারি প্রাথমিক বিদ্যালয়ে সাবমার্সিবল পাম্পযুক্ত জলাধার সহ অগভীর নলকূপ ও হ্যান্ড ওয়াশিং বেসিন স্থাপন এবং ওয়াশব্লক নির্মাণ কাজ চলমান আছে। দপ্তরীয়অন্যান্য কাজসুষ্ঠু ও স্বাভাবিকভাবেচলছে। | ক. উপজেলা নির্বাহী অফিসার এবং উপজেলা চেয়ারম্যান সভায় বলেন যে, সকল প্রকল্পের কাজ সরকারী নীতিমালা অনুযায়ি শেষ করা জন্য উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরকে অবহিত করেন । | ক. উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, সরিষাবাড়ী। |
| ১৭. | উপজেলা খাদ্য নিয়ন্ত্রণ কর্মকর্তা। | ক. উপজেলা খাদ্য নিয়ন্ত্রক অফিসার সভায় জানান যে. ভিজিডি ৭৩.৫০ টন চল বিতরন করা হয় । টিসিবি খাতে চালের ডিও ইস্যু১৪৩.০০০ মে. টন। ফায়ার সার্ভিস/ ইপি খাত ডিও ইস্যু চাল ও গম । | ক. খাদ্য নিয়ন্ত্রককে সকল বন্টন সঠিক ভাবে পরিচালনা করার জন্য বলা হয় । | উপজেলা খাদ্য নিয়ন্ত্রণ কর্মকর্তা, সরিষাবাড়ী। |
| ১৮ | উপজেলা পরিবেশ ও বন কর্মকর্তা। | ক. ফরেষ্টার, বন ও পরিবেশ বিভাগ সভায় জানান যে, এ উপজেলায় লাইসেন্স বিহীন করাত কলের মালিকদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহনের জন্য সভায় অনুরোধ করা হয় । আর বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে । | | উপজেলা পরিবেশ ও বন কর্মকর্তা, সরিষাবাড়ী । |
| ১৯. | উপজেলা পল্লী সঞ্চয় ব্যাংক। | ক পল্লীসঞ্চয় ব্যাংকের শাখা ব্যবস্থাপক সভায় জানান যে, উপজেলায় ব্যাংকে মোট ২১০টি সমিতিতে ১০৪৫৪ জন সদস্য নিয়ে সঞ্চয় আদায় ও ঋণ কার্যক্রম চালু রয়েছে। সক্রিয় ঋণী আছে ৬৩১১ জন (এসএমইসহ)। সদস্যর সঞ্চয় আছে ৬,৪৬,৮৩,৬১৬/-টাকা ও ঋণের স্থিতি আছে ২১,৯৯,১৫,১১২/- ।এ পর্যন্ত শাখায় ১২৮৯ জন সদস্য প্রত্যাহার হয়েছে। বর্তমান অর্থ বছরের আদায়ের হার৭৬% এবং অফিসের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে । | ক. উপজেলায় ব্যাংকে মোট ২১০টি সমিতিতে ১০৪৫৪ জন সদস্য নিয়ে সঞ্চয় আদায় ও ঋণ কার্যক্রম চালু রয়েছে। | পল্লীসঞ্চয় ব্যাংকের শাখা ব্যবস্থাপক । |
| ২০. | উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি)। | উপজেলা ডেভেলপমেন্ট ফ্যাসিলিটেটর (ইউডিএফ) সভায় জানান, ইউজিডিপি প্রকল্পের আওতায় ৬ষ্ট পর্যায়ের জন্য বাস্তবায়নের জন্য ০৩ (তিন) টি অবকাঠামো উন্নয়ন প্রকল্প বাস্তবায়ন কার্যক্রমের জন্য কার্যপত্র প্রদান করা হয়েছে । স্থানীয় সরকার বিভাগ কর্তৃক উপজেলা পরিষদের ওয়েব পোর্টাল হাল নাগাদ করার জন্য নির্দেশনা প্রদান করা হয়েছে। | উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি) এর আওতায় ৬ষ্ঠ পর্যায়ের উপ-প্রকল্প গুলো দ্রুত বাস্তবায়ন ও উপজেলা পরিষদের ওয়েব পোর্টাল দ্রুত হালনাগাদ করার লক্ষ্যে তথ্য দিয়ে সহযোগিতা করার জন্য সংশ্লিষ্ট দপ্তর সমূহকে অনুরোধ করা হয়। | উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি)। |
| ২১ | উপজেলা পাট পরিদর্শক | উপজেলা পাট কর্মকর্তা সভায় জানান যে, ২০২৩-২০২৪ অর্থ বছরে পাটের ফলন ভালো হয়েছে। পাটের দাম কম থাকায় পাট ব্যবসায়িরা লোকসানের মুখে পাড়েছে । এজন্য গত বৎসরের তুলনায় এ বৎসর প্রায় ৫০ টি লাইসেন্স কম হয়েছে। | রাজস্ব আয় আরও বাড়াতে হবে। | উপজেলা পাট পরিদর্শক । |
| ২২ | বিদ্যুৎ বিভাগ। | ক. উপজেলা ডি,জি,এম,পল্লীবিদ্যুৎ সমিতি সভায় জানান যে, জানুয়ারী মাসে গ্রহক সংযোগ আবাসিক = ৭৪ টি, বানিজ্যিক = ১২ টি, সেচ = ২২ টি,শিল্প,= ০৪ টি, অন্যান্য = ০১ টি, | ক. উপজেলা ডি,জি,এম,পল্লীবিদ্যুৎ সমিতি সভায় জানান যে, তাদের গ্রাহক চাহিদার | নির্বাহী প্রকৌশলী পিডিবি / ডিজিএম পল্লী |

| ক্র: নং | বিভাগের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| | | সর্বমোট = ১১৩ টি ।<br>খ. বিদ্যুৎ সরবরাহ ঃ ০১। পিক আওয়ার সন্ধা ৬.০০ হতে রাত ১২.০০ ঘটিকা, চাহিদা ২৫ মে: ও: প্রাপ্তি ৮:০০ মে: ও: লোডশেডিং ১৭ মে:ও: অর্থাৎ পিক আওয়ারে ৬৮% লোডশেডিং হচ্ছে ।<br>০২। অফ পিক আওয়ার রাত ১২.০০ ঘটিকা হতে সন্ধাও ঘটিকা, চাহিদা ২২ মে:ও: প্রাপ্তি ০৭ মে:ও: লোডশেডিং ১৫ মে:ও: অর্থাৎ অফ পিক আওয়ারে ৬৮% লোডশেডিং হচ্ছে । | তুলনায় প্রাপ্তি অনেক কম । সরবরাহ বাড়ানোর জন্য কর্তৃপক্ষের সু-দৃষ্টি কামনা করেন। | বিদ্যুৎ |
| ২৩. | বিবিধ আলোচনা | ক. ক. ১নং সাতপোয়া ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান বলেন যে, সাতপোয়া ইউনিয়ন পরিষদের পুরাতন (১তলা) ভবনটি অত্যন্ত ঝুঁকিপূর্ণ নিলামে বিক্রির ব্যবস্থা করার জন্য সভায় প্রস্তাব করেন, এবং যে কোন সময় একটি দুর্ঘটনা ঘটতে পারে বলেও সভায় জানান । | ক. উপজেলা প্রকৌশলীকে পরিদর্শন করে আইন অনুযায়ী ব্যবস্থা গ্রহণ । | |

সভাপতি সকল দপ্তরকে তাদের কার্যক্রম সম্পর্কে সভাপতিকে অবহিত করার জন্য অনুরোধ করেন । সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(বীর মুক্তিযোদ্ধা মোঃ গিয়াস উদ্দিন পাঠান)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
সরিষাবাড়ী, জামালপুর ।

স্মারক নং ঃ ০৫.৩০.৩৯৮৫.০০০.১৬.০১০.২৩- তারিখ ঃ '১২-০২- ২০২৪খ্রিঃ

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ঃ-

০১। আলহাজ্ব অধ্যক্ষ মোঃ আবদুর রশীদ, মাননীয় সংসদ সদস্য,-১৪১ জামালপুর-৪
০২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রনালয়, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। জেলা প্রশাসক, জামালপুর।
০৪। উপ- পরিচালক, স্থানীয় সরকার, জামালপুর।
০৫। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ সরিষাবাড়ী, জামালপুর।
০৬। মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সরিষাবাড়ী, জামালপুর।
০৭। জনাব ........................................................................................................................................

অনুলিপি জ্ঞাতার্থে/কার্যার্থে ঃ-

০১। উপজেলা ..........................................................................অফিসার, সরিষাবাড়ী, জামালপুর।
০২। চেয়ারম্যান,.......................................................................ইউনিয়ন পরিষদ (সকল), সরিষাবাড়ী, জামালপুর।
০৩। জনাব ..........................................................................

১২/০২/২৪

(শারমিন আক্তার)
উপজেলা নির্বাহী অফিসার
সরিষাবাড়ী, জামালপুর।
ফোন নং- ০৯৮২৭-৫৬০১৮
email-unosarishabari@mopa.gov.bd

সরিষাবাড়ী উপজেলা পরিষদের ফেব্রুয়ারী/২০২৪ খ্রিঃ মাসের উপজেলা পরিষদের মাসিক সভায় উপস্থিত হাজিরা শীট ঃ-

তারিখ ঃ- ১২/ ০২/২০২৪খ্রিঃ

| ক্রমিক নং | নাম/ পদবী | স্বাক্ষর | মোবাইল নম্বর |
|---|---|---|---|
| ০১। | মো: মিজানুর রহমান [illegible] | | [signature] |
| ০২। | মারিয়াম আক্তার, UNO | 01709370200 | [signature] |
| ০৩। | মুহা. মাহমুদ হোসেন Ac land | [signature] | 01709970201 |
| ০৪। | ডা. মো. বদরুল আলম, UH&FPO | [signature] | |
| ০৫। | ডা: সালমা [illegible], ULO | [signature] | 01324-290117 |
| ০৬। | [illegible] | [signature] | |
| ০৭। | মোছা: বেলী আক্তার | | [signature] |
| ০৮। | মো: মোজাম্মেল হক, USEO | [signature] | 01712145511 |
| ০৯। | মো: আব্দুল্লাহ আকন্দ, SUFO | [signature] | 01799497997 |
| ১০। | কামরুন নাহার, UWAO | [signature] | 01716-331[illegible] |
| ১১। | মো: আবদুল হালিম, UCO | [signature] | 01714788610 |
| ১২। | মো: হুমায়ুন কবির, UPIO | [signature] | 01722-33433[illegible] |
| ১৩। | মেহেদী হাসান, SAE, DPHE | [signature] | 0167717[illegible] |
| ১৪। | মো: আবু [illegible] | [signature] | |
| ১৫। | এ, কে, এম, আনিছুর রহমান - চেয়ারম্যান [illegible] ইউপি | [signature] | 01716681[illegible] |
| ১৬। | মো: রাসেল মাহমুদ, সচিব, আওনা ইউপি | [signature] | 0132962[illegible] |
| ১৭। | উপজেলা [illegible] শিক্ষা [illegible] | [signature] | 0199[illegible] |
| ১৮। | শাহিদা ইয়াসমিন, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা | [signature] | 01718[illegible] |
| | মো: জাহিদুল ইসলাম | [signature] | 01716366[illegible] |

| | | | |
|---|---|---|---|
| ১৯। | মো: আনোয়ারুল আলম, UDF, UGDP | [illegible] | 01734354293 |
| ২০। | মো: মোজাম্মেল হক BM-PSB | [illegible] | 01938-879315 |
| ২১। | মো: মিজানুর রহমান পরিদর্শক ([illegible]) | [illegible] | 01711-196794 |
| ২২। | মো: আনোয়ার হোসেন, ফরেস্টার | [illegible] | 01721-288754 |
| ২৩। | মো: নজরুল ইসলাম UAEO | [illegible] | 01721646232 |
| ২৪। | সাদিকুজ্জামান, তথ্যসেবা কর্মকর্তা | [illegible] | 01313704434 |
| ২৫। | [illegible] UCF | [illegible] | 01913324754 |
| ২৬। | মো: মাহফুজুল হাসান; AE, BPDB সহকারী প্রকৌশলী; [illegible] | [illegible] | 01913330722 |
| ২৭। | মো: [illegible] সিনিয়র পল্লী উন্নয়ন অফিসার | [illegible] | 01769400161 |
| ২৮। | কাওসার হোসেন [illegible] কর্মকর্তা | [illegible] | ~~0182[illegible]228~~ |
| ২৯। | মো: আব্দুর রাজ্জাক [illegible] চেয়ারম্যান, [illegible] ইউনিয়ন | [illegible] | 01727-258115 |
| ৩০। | মো: সালাহউদ্দিন সরকার - URDO | [illegible] | 01716-491683 |
| ৩১। | | | |
| ৩২। | | | |
| ৩৩। | | | |
| ৩৪। | | | |
| ৩৫। | | | |
| ৩৬। | | | |
| ৩৭। | | | |